# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 09 July, 2025

সাতক্ষীরার শ্যামনগরে মুরগীর ফার্মে ইঁদুরের উপদ্রব দমন করতে পেতে রাখা বৈদ্যুতিক ফাঁদে জড়িয়ে আরিফা রূপভান (৫৫) নামে এক নারীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।বুধবার (০৯ জুলাই) দুপুর ১২টার দিকে উপজেলার সোনাখালী গ্রামে মৃত জেহের আলী ঢালীর পুত্র নূর ইসলাম ঢালীর মুরগীর ফার্মে এদূর্ঘটনা ঘটে।মৃত আরিফা রূপভান (৫৫) ওই গ্রামে জহুর আলী মোল্যার স্ত্রী।

পারিবারিক সূত্রে জানাযায়, গরুর ঘাস কাটার জন্য দুপুরের দিকে পার্শ্ববর্তী পড়শি নূর ইসলাম ঢালীর বাড়ীর মুরগীর ফার্মের পাশে যায়। এসময় ঘাস কাটার একপর্যায়ে অসাবধান বশত বৈদ্যুতিক ফঁাদের তারে জড়িয়ে ঘটনাস্থলে তিনি মৃত্যু বরণ করেন।

শ্যামনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ হুমায়ন কবির মোল্লা জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে।পরবর্তী আইনী প্রক্রিয়া চলমান রয়েছে।

মরদেহ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:06

URL: https://timestodaybd.com/public/khulna/151934485